

## প্রেস রিলিজ

### খুলনায় ট্যুরিস্ট পুলিশের প্রশিক্ষণ কর্মসূচি

ট্যুরিস্ট পুলিশ, খুলনা বিজিয়নে শুরু হয়েছে ট্যুরিস্ট পুলিশের সক্ষমতা বৃদ্ধি সংক্রান্তে প্রশিক্ষণ কর্মসূচী। ট্যুরিস্ট পুলিশ ট্রেনিং সেন্টার কর্তৃক আয়োজিত Tourism Management & Security Issues শীর্ষক এই প্রশিক্ষণ কর্মসূচী ০২ জুন ২০২৪ খ্রি: তারিখে শুরু হয়ে চলবে ০৬ জুন ২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত। প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা থেকে ভার্চুয়ালি সংযুক্ত থেকে প্রশিক্ষণ কার্যক্রম উদ্বোধন করেন ট্যুরিস্ট পুলিশের অতিরিক্ত আইজিপি জনাব মীর রেজাউল আলম বিপিএম (বার)। এছাড়া আরও উপস্থিত ছিলেন পুলিশ সুপার জনাব মোহাম্মদ ইয়াসমিন খাতুন এবং ট্যুরিস্ট পুলিশ খুলনা বিজিয়নের পুলিশ সুপার জনাব মোঃ আসাদুজ্জামান। পর্যটন সেবার মান উন্নয়নের মাধ্যমে বাংলাদেশের পর্যটন শিল্পকে সামনে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে ট্যুরিস্ট পুলিশ সদস্যদের সক্ষমতা বৃদ্ধি একান্ত জরুরী। আর এই লক্ষ্য বিভিন্ন পর্যায়ের পুলিশ সদস্যদের জন্য এই জাতীয় প্রশিক্ষণ কার্যক্রম চলমান থাকবে মর্মে ট্যুরিস্ট পুলিশের পক্ষ থেকে জানানো হয়।